



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



স্মারক নং: ৩৬.০৫.০০০০.০৩.৪৬.০৬৬.১৬-৩৫৯২

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কতিপয় অসাধু ব্যক্তি ও প্রতারক চক্র বিএসটিআই'র কর্মকর্তাদের নাম ব্যবহার করে সেবা গ্রহীতা বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে মোবাইল ফোনে ফি বাবদ অর্থ দাবী করে মোবাইল ব্যাংকিং সার্ভিসের মাধ্যমে অর্থ প্রেরণের জন্য অনুরোধ করার অভিযোগ পাওয়া যাচ্ছে। বিএসটিআই'র বিভিন্ন ধরনের ফি বাবদ অর্থ প্রধান কার্যালয়ে সোনালী ব্যাংক লিঃ এর বুথে এবং বিভাগীয় ও জেলা কার্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে সরাসরি মানি রশিদের মাধ্যমে (নগদ/পে-অর্ডার/ডিডি/ব্যাংক ড্রাফট) গ্রহণ করা হয়। প্রধান কার্যালয়ে স্থাপিত ব্যাংক বুথ ও ওয়ান স্টপ সার্ভিস সেন্টার ব্যতীত অন্য কোনো স্থানে বা মাধ্যমে (যথা: বিকাশ, নগদ, উপায়, রকেট ইত্যাদি) কোনো প্রকার ফি প্রদানের কোনো ব্যবস্থা নেই। কোনো ব্যক্তির নিকট এ বাবদ অর্থ প্রেরণের অনুরোধ পাওয়া গেলে তা থেকে বিরত থাকতে এবং বিএসটিআইকে মোবাইল নম্বরসহ অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। এছাড়া বিএসটিআই'র সেবা সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে তা বিএসটিআই'র হটলাইন নম্বর ১৬১১৯ অথবা ইমেইল dg@bsti.gov.bd অথবা www.bsti.gov.bd যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ নূরুল আমিন
পরিচালক (সিএম)
টেলিফোন: ৪৮১১৬৬৬৫ (অফিস)
মোবাইল নং: ০১৭১২ ৮২৮৬২৭